

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
(প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা) শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.২৩.০০১.২৫- ৭৩

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২৫ খ্রি.

বিষয়ঃ এমপিওভুক্ত মাদ্রাসার যে সকল শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেননি/প্রশিক্ষণবিহীন শিক্ষকগণের তালিকা প্রেরণ সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং বিভিন্ন প্রকল্পের মাধ্যমে দেশের এমপিওভুক্ত মাদ্রাসাসমূহের অধ্যক্ষ, সুপারসহ অন্যান্য শিক্ষক ও শিক্ষিকাগণকে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ (দাখিল), বিষয়ভিত্তিক প্রশিক্ষণ (সিনিয়র), শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ, বিএমএড প্রশিক্ষণ, টিকিউআই প্রশিক্ষণ, আইডিবি প্রশিক্ষণ কোর্সসহ অন্যান্য প্রশিক্ষণ চলমান আছে। উক্ত প্রশিক্ষণ কোর্সসমূহ সরাসরি ও অনলাইনের মাধ্যমে প্রদান করা হয়। প্রশিক্ষণসমূহ মাদ্রাসার শিক্ষকগণের জ্ঞান, দক্ষতা ও কর্মক্ষমতা বৃদ্ধির মাধ্যমে প্রতিষ্ঠান ও শিক্ষার গুনগত মানোন্নয়ন নিশ্চিত করে মানবসম্পদ উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসাবে কাজ করে। যে সকল প্রতিষ্ঠানের শিক্ষকগণ এখনও কোন প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করেননি, তাদের প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে।

এমতাবস্থায়, এমপিওভুক্ত প্রতিষ্ঠানের যে শিক্ষকগণ ইতোপূর্বে কোন প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করেননি তাদের তালিকা নিম্নোক্ত ছকে প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে আগামী ২৮/১২/২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রমিক নং	নাম ও পদবী	ইনডেক্স নং	প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর	উপজেলা	জেলা
-----------	------------	------------	------------------	--------------	--------	------

মোঃ আবুল কালাম আজাদ
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

অধ্যক্ষ/সুপার (সকল)
বাংলাদেশ।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক (সকল), সদয় অবগতির জন্য
২. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিআই), সদয় অবগতির জন্য
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সদয় অবগতির জন্য
৪. জেলা শিক্ষা অফিসার (সকল), বাংলাদেশ। (তঁর নিয়ন্ত্রণাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে বর্ণিত তালিকা প্রস্তুত করে প্রেরণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।)
৫. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), তঁর নিয়ন্ত্রণাধীন উপজেলার এমপিওভুক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ/সুপারগণ কর্তৃক প্রস্তুতকৃত প্রশিক্ষণবিহীন শিক্ষকগণের তালিকা প্রেরণ নিশ্চিত করার অনুরোধ করা হলো।
৭. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোহাম্মদ আবদুর রাজ্জাক
সহকারী পরিচালক
(প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।